



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

আ ফ ম কামাল উদ্দিন হলে নবীন বরণ অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ অক্টোবর ২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আ ফ ম কামাল উদ্দিন হলে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত প্রথম বর্ষের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের আ ফ ম কামাল উদ্দিন হলের কমনরুমে এ নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান। বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আ ফ ম কামাল উদ্দিন হলের প্রাধ্যক্ষ ও প্রক্টর অধ্যাপক ড. এ. কে. এম. রাশিদুল আলম। এছাড়া আরো উপস্থিত ছিলেন জীববিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মোহাম্মদ মাহফুজুর রহমান, কামাল উদ্দিন হলের ওয়ার্ডেন অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান শিকদার, আবাসিক শিক্ষক মৃধা মো. শিবলী নোমান। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ৪৮ তম ব্যাচের শিক্ষার্থী জুবায়ের আহমেদ।

নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, পরিবর্তিত পরিস্থিতিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ভর্তি হওয়ার সাথে সাথে সিট পেয়ে তাদের অধিকার বুঝে পেয়েছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় শুধু পাঠ্যজ্ঞান অর্জনের কেন্দ্র নয় বরং মানবিক মূল্যবোধ, গবেষণা ও সৃজনশীলতার বিকাশের অন্যতম ক্ষেত্র। তোমাদের স্বপ্ন পূরণের যাত্রা এখান থেকেই শুরু হবে। অধ্যবসায়, নৈতিকতা এবং উদ্ভাবনী চিন্তা নিয়ে এগিয়ে যাওয়া তোমরাই জাতির ভবিষ্যৎ। উপাচার্য বলেন, ২৪ এর গণঅভ্যুত্থানে নিহত ও আহত শিক্ষার্থীদের কাছে আমাদের ঋণ রয়েছে। সেই ঋণ শোধ করার জন্য আমাদের সবাইকে দেশ গঠনে কাজ করতে হবে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)